

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট  
ঢাকা-১২১৫।  
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১৭৬


তারিখঃ ১৬/০৯/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।
২. সেপ্টেম্বর, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সুচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(ইকবাল হোসেন চাকলাদার)  
উপ-সচিব  
উপ-পরিচালক (আরইটিসি)  
ফোনঃ ৯১১৪৮২২।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

কৃষি বিপণন অধিদপ্তর  
কৃষি বিপণন অধিদপ্তর  
(কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য)

পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

**কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ  
মহাপরিচালক  
কৃষি বিপণন অধিদপ্তর।  
তারিখ : ৩০ আগস্ট, ২০১৮ খ্রিঃ।  
সময় : বিকাল ০২:০০ ঘটিকা।  
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১.	গত ২৯/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২৯/০৭/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। <b>সিদ্ধান্ত-১:</b> ২৯/০৭/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২.	<b>বাজার দর পর্যালোচনাঃ</b> ঢাকা শহরে পিয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), বেগুন ও মিষ্টি কুমড়া দাম বৃদ্ধি পেয়েছে। ০৭টি বিভাগে চাল (সরু ও মাঝারী), আটা (পলিপ্যাক), ডাল মশুর (আমদানীকৃত), পিয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচামরিচ, আলু (হেল্যান্ড সাদা), টমেটো, মুরগী (ব্রেয়লার), ও কাঁচা পেপের দাম বৃদ্ধি পেয়েছে।	বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-‘খ’)। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। <b>সিদ্ধান্ত-১:</b> যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল (সরু ও মাঝারী), আটা (পলিপ্যাক), ডাল মশুর (আমদানীকৃত), পিয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), বেগুন, মিষ্টি কুমড়া, কাঁচামরিচ, আলু (হেল্যান্ড সাদা), টমেটো, মুরগী (ব্রেয়লার), কাঁচা পেপে এবং অন্যান্য শাক-সজিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। <b>সিদ্ধান্ত-২:</b> পণ্য মূল্য সংগ্রহের ক্ষেত্রে পণ্যের ক্রেতা, পণ্যের পরিমাণ ইত্যাদি বিবেচনায় রাখতে হবে। যেসকল বিভাগে পণ্যের দাম বেশী তার কারণ উল্লেখ পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)
৩.	<b>বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ</b> জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সর্বোচ্চজনক।	<b>সিদ্ধান্ত-১:</b> যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। <b>সিদ্ধান্ত-২:</b> কোন ব্যক্তি/দপ্তর/সংস্থা-কে বাজার দর সরবরাহকালে গ্রহীতার নিকট হতে আব্যশিকভাবে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ পূর্বক হার্ড ও ই-ফাইলে সরবরাহ করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল) উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)

পণ্যের প্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

